# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৩২৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩১৬]

১১/ (আল্লাহর পথে) জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৩৪: জিহাদ ওয়াজিব এবং তাতে সকাল-সন্ধ্যার মাহাত্ম্য

(234) بَابُ فَضْلِ الْجِهَادِ

আরবী

وَعنه، قَالَ: جَاءَ نَاسٌ إِلَى النَّبيِّ صلى الله عليه وسلم أن ابْعَثْ مَعَنَا رِجَالاً يُعَلِّمُونَا الْقُرْآنَ وَالسُّنَّةَ، فَبَعَثَ إِلَيْهِمْ سَبْعِينَ رَجُلاً مِنَ الأَنْصَارِ يُقَالُ لَهُمْ: القُرَّاءُ، فِيهِم خَالِي حَرَامٌ، يَقْرَؤُونَ القُرْآنَ، وَيَتَدَارَسُونَ بِاللَّيْلِ يَتَعَلَّمُونَ، وَكَانُوا بِالنَّهَارِ يَجِيئُونَ بِالمَاءِ، فَيَضَعُونَهُ فِي المَسْجِدِ، وَيَحْتَطِبُونَ فَيَبِيعُونَهُ، وَيَشْتَرُونَ بِهِ الطَّعَامَ لأَهْلِ الصُّفَّةِ، وَلِلفُقَرَاءِ، فَبَعَثَهُمُ النَّبِيُّ، فَعَرَضُوا لَهُمْ فَقَتَلُوهُمْ قَبلَ أَنْ يَبْلُغُوا المَكَانَ، فَقَالُوا: اَللهم بَلِّغْ عَنَّا نَبِيَّنَا أَنَّا قَدْ لَقِينَاكَ فَرَضِينَا عَنكَ وَرَضِيتَ عَنَّا، وَأَتَى رَجُلٌ حَراماً خَالَ أَنَسٍ مِنْ خَلْفِهِ، فَطَعَنَهُ بِرُمْحٍ حَتَّى أَنْفَذَهُ، فَقَالَ حَرَامٌ: فُزْتُ وَرَبِّ الكَعْبَةِ، فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم : «إِنَّ إِخْوَانَكُمْ قَدْ قُتِلُوا وَإِنَّهُمْ قَالُوا: اَللهم بَلِّغْ عَنَّا نَبِيَّنَا أَنَّا قَدْ لَقِينَاكَ فَرَضِينَا عَنْكَ وَرَضِيتَ عَنَّا». متفقٌ عَلَيْهِ، وهذا لفظ مسلم

বাংলা

৩২/১৩২৪। উক্ত রাবী (আনাস রাদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, কয়েকটি লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বলল, ’আমাদের সঙ্গে কিছু শিক্ষিত মানুষ পাঠিয়ে দিন, যারা আমাদেরকে কুরআন ও সুন্নাহর শিক্ষা দেবেন।’ সুতরাং তিনি সত্তর জন আনসারীকে পাঠিয়ে দিলেন--যাঁদেরকে ’কুররা’ (কুরআনের হাফেয) বলা হত। ’হারাম’ নামক আমার মামাও তাঁদের অন্যতম। তাঁরা রাতে কুরআন পড়তেন, আপোষে কুরআন অধ্যয়ন করতেন এবং শিক্ষা অর্জন করতেন। আর দিনে তাঁরা পানি এনে মসজিদে রাখতেন। কাঠ সংগ্রহ করে তা বিক্রি করতেন এবং তা দিয়ে আহলে সুফ্ফা (মসজিদে নববীতে অবস্থানরত তৎকালীন ইসলামী ছাত্রবৃন্দ) ও গরীবদের জন্য খাদ্যদ্রব্য ক্রয় করতেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদেরকে প্রেরণ করলেন। পথিমধ্যে তারা তাঁদেরকে আটকে তাঁদের গন্তব্য-স্থলে পৌঁছনোর পূর্বেই হত্যা করে দিল। শাহাদত প্রাক্কালে তাঁরা এই দো’আ করলেন,

“হে আল্লাহ! তুমি আমাদের নবীকে এই সংবাদ পৌঁছে দাও যে, আমরা তোমার সাক্ষাৎ লাভ করেছি, অতঃপর তোমার প্রতি আমরা সন্তুষ্ট হয়েছি এবং তুমিও আমাদের প্রতি সন্তুষ্ট হয়েছ।” আনাস রাদিয়াল্লাহু আনহু এর মামা ’হারাম’-এর পশ্চাৎ দিক থেকে একটি লোক এসে বল্লমের খোঁচা মেরে (শরীর ফুঁড়ে) পার করে দিল। হারাম বলে উঠলেন, ’কা’বার প্রভুর কসম! আমি সফল হলাম!’ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (উপস্থিত সাহাবীদের সম্বোধন করে) বললেন, “নিঃসন্দেহে তোমাদের ভাইদেরকে শহীদ করে দেওয়া হয়েছে এবং তারা এ বলে দো’আ করেছে, ’হে আল্লাহ! তুমি আমাদের নবীকে এই সংবাদ পৌঁছে দাও যে, আমরা তোমার সাক্ষাৎ লাভ করেছি, অতঃপর তোমার প্রতি আমরা সন্তুষ্ট হয়েছি এবং তুমিও আমাদের প্রতি সন্তুষ্ট হয়েছ।” (বুখারী ও মুসলিম)[1]

## English

(234) Chapter: Obligation of Jihad

Anas (May Allah be pleased with him) reported:
Some people came to the Prophet (ﷺ) and said to him: "Send with us some men who may teach us the Qur'an and the Sunnah." He (ﷺ) sent seventy men from the Ansar. They were called Al-Qurra' (the reciters) and among them was my maternal uncle, Haram. They used to recite the Qur'an, ponder over its meaning and learn (its wisdom) at night. In the day, they used to bring water and pour it in pitchers in the mosque, then they would collect wood and sell it; and with the sale proceeds, they would buy food for the people of As-Suffah and the needy. The Prophet (ﷺ) sent the reciters with these people but these (treacherous people) fell upon them and killed them before they reached their destination. (While dying) they supplicated: "O Allah convey from us the news to our Prophet that we have met You (in a way), that we are pleased with You and You are pleased with us." (The narrator said:) A man attacked Haram from behind and smote him with a spear which pierced him. Whereupon Haram said: "By the Rubb of Ka'bah, I have met with success. The Messenger of Allah (ﷺ) said to his Companions, "Your brethren have been slain and they were saying: "O Allah! Convey from us to our Prophet the news that we have met You (in a way) that we are pleased with You and You are pleased with us."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith mentions the following three points:

1. Through conspiracy infidels took with them seventy Ansari Companions of the Prophet (PBUH) , who were distinguished for studying and teaching the Noble Qur'an, and martyred them in their region. This tragic incident goes to prove that the Prophet (PBUH) did not have the knowledge of the Unseen.

Had he possessed this knowledge, he would not have sent his Companions with the infidels. When the Companions of the Prophet (PBUH) realized that they were trapped and there was no chance of their survival, they prayed to Allah to convey their message to the Prophet (PBUH). Their prayer was answered by Allah Who conveyed their message by means of Wahy (Revelation) to the Prophet (PBUH). On learning it through Wahy, he (PBUH) informed this tragic incident to his Companions.

2. "As-Suffah'' is a terrace in which people stayed, they had neither any permanent source of income nor any free public kitchen nor was there any arrangement for the supply of their food from individuals. They depended entirely on the Grace of Allah. Every now and then they received some Sadaqah or gift and they all shared it. Some of them would collect firewood and through its sale, raised some money to purchase food for themselves and their Companions.

3. The task of invitation to Islam and dissemination of its teachings is an arduous one. People who undertake this task have to face bitter criticism from their friends and foes, and one has sometimes to lose one's life in this mission. But this is a mission of the Prophets and it should be undertaken by the savants as they are truly worthy of it.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ১০০১-১০০৩, ১৩০০, ২৮১৪, ২৮০১, ৩০৬৪, ৩১৭০, ৪০৮৮, ৪০৮৯, ৪০৯০, ৪০৯১, ৪০৯২, ৪০৯৩, ৪০৯৪, ৪০৯৫, ৪০৯৬, ৬৩৯৪, মুসলিম ৬৭৭, নাসায়ী ১০৭০, ১০৭১, ১০৭৭, আবূ দাউদ ১৪৪৪, ইবনু মাজাহ ১১৮৩, ১১৮৪, আহমাদ ১১৪৭, ১১৭৪২, ১২২৪৪, ১২২৯৪, ১২৪৩৮, ১২৫০০, ১৩০৫০, ১৩৬৬০, দারেমী ১৫৯৬, ১৫৯৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=26793

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন